

শেখ হাসিনা
দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ... কলাম ... ১৫

নিরপেক্ষ তদন্তের স্বার্থে সরে দাঁড়িয়েছি



বিদায়ী ভিসি
ইত্তেফাক রিপোর্ট ৯
গতকাল, ভিসি
প্রফেসর আনোয়ার
উল্লাহ চৌধুরী
পদত্যাগ করার পর
সাংবাদিকদের
মুখোমুখি হননি।
তবে তিনি এক

বিবৃতিতে বলেছেন, ঢাকা (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

নিরপেক্ষ তদন্তের

(প্রথম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক দুঃখজনক
পরিস্থিতিতে আমি বিশ্ববিদ্যালয়ের
স্বপাচার্যের পদ থেকে পদত্যাগ করেছি।
আমি গত ৩৫ বছর, যাবৎ ঢাকা
বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করে আসছি।
আমার এই সুদীর্ঘ শিক্ষকতা জীবনে আমি
সব সময় আমার প্রিয় ছাত্র-ছাত্রীদের
কল্যাণে কাজ করেছি এবং তাদের স্বার্থকে
অগ্রাধিকার দিয়েছি। আমার এই প্রাণপ্রিয়
শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থে আমি যেকোন ত্যাগ
স্বীকারের জন্য প্রস্তুত রয়েছি। অতএব
বিশ্ববিদ্যালয়ের স্বার্থে এবং নিরপেক্ষ
তদন্তের সুবিধার্থে আমি এই পদ থেকে সরে
দাঁড়ানোই সমীচীন বিবেচনা করেছি।